

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنْ حَكِيمِ بْنِ حِزَامٍ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُسْتَقَادَ فِي الْمَسْجِدِ وَعَنْ حَكِيمٍ بْنِ حِزَامٍ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ أَنْ يُسْتَقَادَ فِي الْمَسْجِدِ وَأَنْ يُنْشَدَ فِيهِ الْأَشْعَارُ وَأَنْ تُقَامَ فِيهِ الْحُدُودُ. رَوَاهُ أَبُو دَاوُدَ فِي سُنَنِهِ وَصاحِبُ جَامِعِ الْأُصُولِ فِيهِ عَنْ حَكِيمٍ الْأُصُولِ فِيهِ عَنْ حَكِيمٍ

বাংলা

৭৩৪-[৪৬] হাকিম ইবনু হিযাম (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে মৃত্যুদণ্ড কার্যকর করতে ও তথায় কবিতা পাঠ ও হাদ্দ-এর শাস্তি কার্যকর করতে নিষেধ করেছেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৪৪৯০। আবূ দাউদ তাঁর 'সুনান'-এ, সাহিবু জামি'উল উসূল তাঁর কিতাবে হাকিম থেকে। যদিও এর সানাদে যুফার ইবনু ওযিমাহ্ এবং হাকিম-এর মাঝে সাক্ষাৎ না ঘটায় বিচ্ছিন্নতা রয়েছে তবে হাদীসের প্রতিটি অংশের শাহিদ থাকায় তা হাসানের স্তরে পৌঁছেছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে কিসাস স্বরূপ মৃত্যুদণ্ড কার্যকর করতে নিষেধ করছেন। যেন মসজিদে রক্ত না পড়ে। এছাড়া নিন্দিত বা খারাপ কবিতা পাঠ এবং সকল প্রকার হাদ্দ (ইসলামী দন্ড) প্রয়োগও নিষিদ্ধ। প্রথমে নির্দিষ্টভাবে কিসাসের কথা বলা হলেও পরে সকল দন্ডের কথা বলা হয়েছে। এর দ্বারা বুঝানো হচ্ছে যে, দণ্ড যেমনই হোক মসজিদে এসব কাজ নিষেধ এজন্যে যে, এর দ্বারা মসজিদের সম্মান নষ্ট করা হয়, নোংরা বা দূষিত হওয়ার সম্ভাবনা থাকে। আর এ জন্যেও যে, মাসজিদ নির্মাণ করা হয়েছে সালাত (সালাত/নামায/নামাজ) ও যিকিরের (জিকিরের) জন্য, দণ্ড কার্যকর করার স্থান নয়।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন